

আরবিআই/2013-14/579

ইউবিডি.বিপিডি (পিসিবি) সার্কুলার নং.56/13.04.00/2013-14

মে 5, 2014

মুখ্য নির্বাহী আধিকারিক
সমস্ত প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্ক

প্রিয় মহাশয়,

সুদ কর আইন (ইনটারেস্ট ট্যাক্স এ্যাক্ট) 1974

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়ে আমাদের সেপ্টেম্বর 22, 2008 তারিখের সার্কুলার ইউবিডি.বিপিডি (পিসিবি) সার্কুলার নং.18/13.04.00/2008-09 দেখবেন।

2. লক্ষ্য করা গেছে যে 2005 সালের লিখিত-আরজি (রিট পিটিশন) (দেওয়ানি) নং 301-এর উপর সর্বোচ্চ ন্যায়ালয়ের ফেব্রুয়ারি 21, 2014 তারিখের আদেশ অনুযায়ী অক্টোবর 1991 এবং মার্চ 1997 সালের মধ্যে যে ঋণদায়ী সংস্থাগুলি অস্তিত্বে ছিল এবং সর্বোচ্চ ন্যায়ালয়ের এপ্রিল 2004-এর আদালতের আদেশের পূর্বে যেগুলি অন্য ব্যাঙ্ক / আর্থিক সংস্থার সঙ্গে একীভূত (মার্জ) করা হয়, অথবা পরবর্তীকালে একীভূত করা হয়, সেই সব ক্ষেত্রে গ্রহীতা ব্যাঙ্কগুলিকে 50 লক্ষ টাকা অর্ধি নিধিতে (ট্রাস্ট ফান্ড) জমা করতে হবে এবং হস্তান্তরকারী ব্যাঙ্কগুলির দেওয়া ঋণ ও অগ্রিমের উপর সুদের আয়ের উপর সুদ-কর নিকটতম পূর্ণসংখ্যা করতে গিয়ে যে অতিরিক্ত রাশি তারা সংগ্রহ করেছে সেই রাশিও উক্ত অর্ধি নিধি (ট্রাস্ট ফান্ড)-তে জমা করতে হবে।

3. সর্বোচ্চ ন্যায়ালয়ের ফেব্রুয়ারি 21, 2014 তারিখের আদালতের আদেশের প্রেক্ষিতে সমস্ত শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হচ্ছে যে সর্বোচ্চ ন্যায়ালয়ের আদেশ অনুযায়ী উপমুক্ত ব্যবস্থা গ্রহণ করতে এবং তাদের অবস্থান ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়কে জানাতে।

আপনার বিশ্বস্ত,

(পি কে আরোরা)
মহাপ্রবন্ধক